

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.২৫.১৩৫.২৪-২২৭

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন জেলা শিক্ষা অফিসে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তার বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরসহ তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট দেশে গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলো।

ক্রমিক নং	নাম, পদবী, বর্তমান কর্মস্থল	দেশের নাম	ভ্রমণের উদ্দেশ্যে সময়কাল ও ছুটির ধরণ	ছুটিকালীন সময়ে দায়িত্ব পালন
০১	জনাব মোঃ রফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর	যুক্তরাষ্ট্র	যুক্তরাষ্ট্রে অধ্যয়নরত মেয়ের সঙ্গে সাক্ষাতের জন্য ০৫.০৫.২০২৪ হতে ০৯.০৬.২০২৪ তারিখ পর্যন্ত ৩৬ (ছত্রিশ) দিন অথবা যাত্রার তারিখ হতে ৩৬ (ছত্রিশ) দিন পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি	আখতার পারভীন, প্রধান শিক্ষক, দিনাজপুর জেলা স্কুল, দিনাজপুর

শর্তসমূহ:

- তিনি নিজ খরচে এ ভ্রমণ সম্পন্ন করবেন। এ ভ্রমণে বাংলাদেশ সরকার স্থানীয়/বৈদেশিক মুদ্রায় কোন খরচ বহন করবে না;
 - তিনি অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশ অবস্থান করতে পারবেন না এবং যথাসময়ে দেশে ফিরে এসে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করবেন;
 - যথাসময়ে তিনি কর্মস্থলে যোগদানে ব্যর্থ হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং জেলা শিক্ষা অফিসার এর মাধ্যমে নির্ধারিত তারিখ হতে ০৩ (তিন) দিনের মধ্যে তাঁর অনুপস্থিতির বিষয়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;
 - বিদেশে অবস্থানকালীন তিনি বাংলাদেশী মুদ্রায় বেতন-ভাতা প্রাপ্য হবেন;
 - সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ ব্যয় তাঁর আয়কর হিসাব বিবরণীতে প্রদর্শন করতে হবে। বিদেশ ভ্রমণের পূর্বে তিনি কোন তারিখ থেকে ভ্রমণ করবেন তা কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাবেন এবং ভ্রমণ শেষে যোগদানের বিষয়টিও লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করবেন;
 - তিনি অনুমোদিত ছুটি ভোগ না করলেও মঞ্জুরকৃত ছুটি ভোগ হয়েছে মর্মে প্রতীয়মান হবে। মঞ্জুরকৃত ছুটি বাতিলযোগ্য নয়।
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোসাম্মৎ রাহিমা আক্তার)
উপসচিব
ফোন : ০২-৫৫১০০৭৪৯

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.২৫.১৩৫.২৪-২৮৯

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সচিব, পররাষ্ট্র সচিবের দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়
- ২) মান্যবর রাষ্ট্রদূত, ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র
- ৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৪) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
- ৫) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
- ৬) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা, বহির্গমন বিভাগ (স্থল বন্দর), বেনাপোল, যশোর/হিলি, দিনাজপুর/বাংলাবান্ধা, পঞ্চগড়/ভোমরা, সাতক্ষীরা/মহদীপুর, চাঁপাইনবাবগঞ্জ
- ৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (এ বিভাগে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
- ১১) জনাব রফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর
- ১২) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা-----,-----
- ১৩) জনাব আখতার পারভীন, প্রধান শিক্ষক, দিনাজপুর জিলা স্কুল, দিনাজপুর
- ১৪) ব্যক্তিগত কর্মকর্তা, সরকারি মাধ্যমিক-১, অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা
- ১৫) ব্যক্তিগত কর্মকর্তা, সরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

(মোসাম্মৎ রহিমা আক্তার)
উপসচিব